গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
তালতলী, বরগুনা।
www.taltali.barguna.gov.bd

## ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২৩ উদ্‌যাপন উপলক্ষে স্থানীয় কর্মসূচি প্রণয়ন সম্পর্কিত সভার কার্যবিবরণী।

সভার তারিখ ও সময় ঃ ২৯.১১.২০২৩ খ্রি, বেলা ১২:৩০ ঘটিকা।
সভার স্থান ঃ উপজেলা পরিষদের ''পায়রা'' সম্মেলন কক্ষ, তালতলী, বরগুনা।
সভাপতি ঃ জনাব সিফাত আনোয়ার তুমপা, উপজেলা নির্বাহী অফিসার, তালতলী, বরগুনা।
উপস্থিত সুধীবৃন্দের হাজিরা ঃ পরিশিষ্ট-"ক"।

উপস্থিত সুধীবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার প্রারম্ভে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা নিবেদন করা হয়। এরপর সভাপতি ১৪ ডিসেম্বর ২০২৩ তারিখ শহীদ বুদ্ধিজীবী দিবসের প্রেক্ষাপট বর্ণনা করে বলেন, 'আমাদের জাতীয় ইতিহাসে এটি এক গুরত্বপূর্ণ দিন যা এক মর্মস্পর্শী বেদনার স্মৃতিকে ধারণ করে আছে। বাঙ্গালী জাতির জীবনে এটি একটি বেদনাদায়ক দিন। এ দিনের হত্যাকান্ড ছিল পৃথিবীর ইতিহাসে জঘন্যতম এক বর্বর ঘটনা যা বিশ্বব্যাপী শান্তিকামী মানুষকে স্তম্ভিত করেছিল। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরের জঘন্য হত্যাকান্ডের কথা মনে করে এখনও মানুষ শিহরে ওঠে। মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বিজয় যখন সুনিশ্চিত, ঠিক তখনই পাকিস্তানী হানাদার বাহিনী ও তাদের দোসররা জাতির শ্রেষ্ঠ সন্তান, বরেণ্য শিক্ষাবিদ, গবেষক, চিকিৎসক, প্রকৌশলী, সাংবাদিক, কবি ও সাহিত্যিকদের রাতের আঁধারে নির্মমভাবে হত্যা করে।' এসব শহীদদের আত্মত্যাগের কথা স্মরণে রেখে দিবসটি অত্যন্ত গুরুত্বের সাথে পালনের উদ্দেশ্যে স্থানীয় কর্মসূচি প্রণয়নে পরামর্শ প্রদানের জন্য উপস্থিত সকলকে আলোচনায় অংশগ্রহণের আমন্ত্রণ জানানো হয়।

১৪ ডিসেম্বর ২০২৩ খিঃ তারিখ 'শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২৩' উদ্‌যাপনের লক্ষ্যে কেন্দ্রীয় ও জেলা কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ কর্মসূচি প্রণয়ন করা হয়-

(ক) শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২৩ কর্মসূচি

| তারিখ ও সময় | বিবরণ | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১৪ ডিসেম্বর ২০২৩ সকাল ১১:০০ ঘটিকা | শহীদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে বিশেষ আলোচনা সভা | তালতলী উপজেলা পরিষদের 'পায়রা' সম্মেলন কক্ষ | সংশ্লিষ্ট উপ-কমিটি |
| ১৪ ডিসেম্বর ২০২৩ সকাল ১১:৩০ ঘটিকা | ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরের জঘন্য হত্যাকান্ডের চিত্র/ভিডিও প্রজেক্টরের মাধ্যমে প্রদর্শন | উপজেলা ডিজিটাল সেন্টার ও সকল ইউয়িন ডিজিটাল সেন্টার | সহকারী প্রোগ্রামার, চেয়ারম্যান ও সংশ্লিষ্ট ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাগণ |
| ১৪ ডিসেম্বর ২০২৩ সুবিধাজনক সময়ে | শহীদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে বিশেষ মোনাজাত/প্রার্থনা | সকল মসজিদ, মন্দির, গীর্জা, প্যাগোডা ও অন্যান্য উপাসনালয় | সংশ্লিষ্ট উপ-কমিটি |

(খ) 'শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২৩' উদ্‌যাপন উপলক্ষ্যে আলোচনা সভা ও ভিডিও প্রদর্শন পরিচালনা উপ-কমিটিঃ

০১) উপজেলা মৎস্য কর্মকর্তা, তালতলী, বরগুনা - আহবায়ক
০২) উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, তালতলী, বরগুনা - সদস্য
০৩) উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, তালতলী, বরগুনা - সদস্য
০৪) সাধারণ সম্পাদক, বাংলাদেশ আওয়ামীলীগ, তালতলী উপজেলা শাখা, বরগুনা - সদস্য
০৫) বীর মুক্তিযোদ্ধা মোঃ মোসলেম আলী হাং, সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার, তালতলী, বরগুনা - সদস্য
০৬) সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, তালতলী, বরগুনা- - সদস্য
০৭) প্রধান শিক্ষক, তালতলী সরকারি মডেল মাধ্যমিক বিদ্যালয় - সদস্য

(গ) 'শহীদ বুদ্ধিজীবী দিবস-২০২৩' উদ্‌যাপন বিশেষ মোনাজাত/প্রার্থনা বাস্তবায়ন উপ-কমিটিঃ

০১) ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন,তালতলী - আহ্বায়ক
০২) পেশ ইমাম, তালতলী কেন্দ্রীয় জামে মসজিদ - সদস্য
০৩) পেশ ইমাম, উপজেলা পরিষদ জামে মসজিদ - সদস্য
০৪) সভাপতি, তালতলী হিন্দু-বৌদ্ধ-খ্রিষ্টান ঐক্য পরিষদ - সদস্য

(ঘ) বিশদ আলোচনান্তে নিম্নরূপ আরো সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

০১। ১৪ ডিসেম্বর ২০২৩ শহীদ বুদ্ধিজীবী দিবস পালন উপলক্ষে আয়োজিত বিশেষ আলোচনা সভায় উপস্থিত থাকার জন্য উপজেলা পর্যায়ের সকল কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা ও সুধীজনদের অনুরোধ করা হয়।

০২। ১৪ ডিসেম্বর ২০২৩ 'শহীদ বুদ্ধিজীবী দিবস' পালন উপলক্ষে নিজ খরচে বিশেষ ক্রোড়পত্র প্রকাশ করার জন্য স্থানীয় দৈনিক ও সাপ্তাহিক পত্রিকার সম্পাদকদের অনুরোধ করা হয়।

০৩। 'শহীদ বুদ্ধিজীবী দিবস' পালন উপলক্ষে সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভা আয়োজনের প্রয়োজনীয় নির্দেশনা দিতে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ও উপজেলা শিক্ষা কর্মকর্তা, তালতলী, বরগুনা'কে অনুরোধ করা হয়।

০৪। ১৯৭১ সালের ১৪ ডিসেম্বরের জঘন্য হত্যাকান্ডের প্রামাণ্যচিত্র দর্শক সমাগম হয় এমন স্থানে প্রজেক্টেরের মাধ্যমে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা পরিষদের ডিজিটাল সেন্টারের উদ্যোক্তা ও সকল ইউনিয়ন ডিজিটাল সেন্টারের উদ্যোক্তাদের নির্দেশনা দেয়া হয় এবং বাস্তবায়নের জন্য সকল ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয়।

০৫। ইউনিয়ন পর্যায়ে অনুরূপ কর্মসূচি গ্রহণপূর্বক ১৪ ডিসেম্বর ২০২৩ 'শহীদ বুদ্ধিজীবী দিবস' পালন নিশ্চিত করতে স্ব স্ব ইউনিয়নের চেয়ারম্যানদের অনুরোধ করা হয়।

০৬। দিবসের কর্মসূচিতে কোভিড-১৯ স্বাস্থ্যবিধি মেনে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হয়।

সভায় আর অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত কর্মসূচিতে সকলের সার্বিক সহযোগিতা ও স্বতঃস্ফূর্ত অংশগ্রহণের আহ্বান এবং সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৯/১১/২৩

(সিফাত আনোয়ার তুমপা)
উপজেলা নির্বাহী অফিসার
তালতলী, বরগুনা।
ফোন: ০২৪৭৮৮৮৭৮০৫
ই-মেইলঃ unotaltoli@mopa.gov.bd

তারিখ: ২৯.১১.২০২২ খ্রিঃ

স্মারক নং-০৫.১০.০৪৯০.০০০.২৩.১৮৪.১৯- ১৩০৯

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন, সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা।
৩. বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।
৪. জেলা প্রশাসক, বরগুনা।
৫. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
৬. ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তালতলী, বরগুনা।
৭. উপজেলা.....................................কর্মকর্তা, তালতলী/ অফিসার ইন চার্জ, তালতলী থানা।
৮. চেয়ারম্যান...................................... ইউনিয়ন পরিষদ, তালতলী, বরগুনা।
৯. অধ্যক্ষ,.............................................................কলেজ/মাদ্রাসা, তালতলী, বরগুনা।
১০. প্রধান শিক্ষক/সুপার, ..........................................................বিদ্যালয়/মাদ্রাসা, তালতলী, বরগুনা।
১১. সাবেক কমান্ডার/ডেপুটি কমান্ডার, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ, তালতলী।
১২. সভাপতি/সম্পাদক, ..........................................................., তালতলী, বরগুনা।
১৩. জনাব...........................................................................................